ইত্তেফাক

তারিখ ..২২।১।৮১ ... ...
পৃষ্ঠা... .. ... কলাম... ... ...

030

# আগামীকাল হইতে প্রকৌশল শিক্ষকদের কর্মবিরতি

( ইত্তেফাক রিপোর্ট )

বাংলাদেশ প্রকৌশল মহাবিদ্যালয় প্রকৌশলী শিক্ষক সমিতির ১২-দফা দাবীর ভিত্তিতে দেশের ৪টি প্রকৌশল মহাবিদ্যালয়ের শিক্ষকগণ আগামীকাল (সোমবার) হইতে পূর্ণ কর্মবিরতি পালন শুরু করিবেন।

সমিতির সভাপতি জনাব আবদুল হান্নান ও অন্যান্য কর্মকর্তা গতকাল (শনিবার) জাতীয় প্রেসক্লাবে এক সাংবাদিক সম্মেলনে বলেন যে, রাজশাহী, চট্টগ্রাম, খুলনা ও ঢাকা প্রকৌশল মহাবিদ্যালয়গুলিতে মোট ১শত ৮৭টি শিক্ষকের পদ আছে, কিন্তু শিক্ষক আছেন ৬৫ জন। গত তিন বৎসর ধরিয়া শিক্ষকসংখ্যা ক্রমশঃ নিম্নগামী।

তাঁহারা বলেন যে, বার বার সরকারের নিকট তাঁহাদের ন্যায়-

(৮ম পৃঃ ৩-এর কঃ দ্রঃ)

## শিক্ষকদের কর্মবিরতি

( ১ম পৃঃ পর )

সঙ্গত দাবীদাওয়া মানিয়া লওয়ার আবেদন-নিবেদন সত্ত্বেও কর্তৃপক্ষ কোনরূপ সদিচ্ছা দেখান নাই। তাই কর্মবিরতি পালন ছাড়া গত্যন্তর নাই। প্রকৌশল শিক্ষকদের ১২-দফা দাবীর মধ্যে রহিয়াছে উপযুক্ত বেতন স্কেল নির্ধারণ, উচ্চ মেধাসম্পন্ন প্রকৌশলীদের শিক্ষকতা পেশায় আগ্রহী করার জন্য যথাযথ সুযোগ-সুবিধা প্রদান ও চাকুরী শর্ত শিথিলকরণ, বিভাগীয় পদোন্নতির মাধ্যমে বেশীর ভাগ পদে নিয়োগ প্রদান, বিনাভাড়ায় বাসস্থানের ব্যবস্থা, আগামী ৬ মাসের মধ্যে শূন্য পদগুলি পূরণ, মূল বেতনের শতকরা দশ ভাগ মফস্বল ভাতা প্রদান প্রভৃতি।